

নাম মোহাম্মদ বোল রে মন

কাজী নজরুল ইসলাম

নাম মোহাম্মদ বোল রে মন

নাম আহমদ বোল ।

যে নাম নিয়ে চাঁদ-সেতারা আসমানে খায় দোল ॥

পাতায় ফুলে যে নাম আঁকা,

ত্রিভুবনে যে নাম মাখা,

যে নাম নিতে হাসিন উষার রাঞ্জে রে কপোল ॥

যে নাম গেয়ে ধায় রে নদী,

যে নাম সদা গায় জলধি,

যে নাম বহে নিরবধি পবন হিল্লোল ॥

যে নাম রাজে মরু-সাহারায়,

যে নাম বাজে শ্রাবণ-ধারায়,

যে নাম চাহে কাবার মসজিদ

মা আমিনার কোল ॥